পরিকল্পনা বিভাগের আওতায় ২০১২-১৩ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১)	পরিকল্পনা বিভাগ	০২	-	০২	-	০২	০২	সর্বনিম্ন-৩৫% সর্বোচ্চ-২৫০%	০২	সর্বনিম্ন-০.০১% সর্বোচ্চ-০.০১%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ২০১২-১৩ অর্থ বছরের এডিপিতে পরিকল্পনা বিভাগের বিপরীতে অন্তর্ভুক্ত ০২ (দুই) টি প্রকল্পের সমাপ্ত হয়েছে।

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল : সমাপ্ত প্রকল্প ০২ (দুই) টির উভয়েরই মূল অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকালের বৃদ্ধি ঘটে। প্রকল্প ০২ %৩৫বাস্তবায়নকালের বৃদ্ধির হার যথাক্রমে টির (দুই)এবং ২৫০।%

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : বাস্তবায়ন পর্যায়ে যন্ত্রপাতি/সরঞ্জামাদি, আসবাবপত্র, দাতা সংস্থার অর্থ ছাড় ইত্যাদি কারণে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ঘটে।

৪। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে চিহ্নিত সমস্যা ও সুপারিশ :

সমস্যা	সুপারিশ
প্রকল্পের নাম ঃ Assistance to SICT for Strengthening Planning Division, ERD and IMED through ICT. শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প	
৪.১ প্রকল্পের আওতায় পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, ইআরডি ও আইএমইডি'র প্রশাসনিক কার্যক্রম অটোমেশন করার লক্ষ্যে প্রণীত Software গুলোর ব্যবহার পরিকল্পনা অনুযায়ী পুরোপুরি নিশ্চিত করা সম্ভব হয়নি; ফলে প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য অর্জিত হয়নি।	৪.১ ASICT প্রকল্পের আওতায় প্রণীত Software গুলোর পূর্ণ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বর্তমানে চলমান "Implementation of Digital ECNEC" প্রকল্পে যথাশীঘ্র ব্যবস্থা নেয়া আবশ্যক।
৪.২ প্রকল্পটির Time overrun হয়েছে ৬ বার কিন্তু কাঙ্খিত ফলাফল অর্জনে সম্পূর্ণভাবে সফল হয়নি।	৪.২ প্রকল্পের Time overrun এবং প্রকল্প পরিচালক পদে এ ধরনের ঘন ঘন পরিবর্তনের প্রবণতা পরিহার করার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা সমীচীন।
৪.৩ 'প্রকল্প পরিচালক' পদে পরিবর্তন এসেছে সর্বমোট ১৪ বার, যা একেবারেই কাঙ্খিত নয়।	
৪.৪ প্রকল্প সমাপ্তির দীর্ঘদিন পরেও অডিট আপত্তিসমূহের নিষ্পত্তি প্রক্রিয়াধীন, যা সমীচীন নয়।	৪.৩ প্রকল্পে উত্থাপিত অডিট আপত্তিসমূহের নিষ্পত্তি যথাশীঘ্র করার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা অত্যাবশ্যক।

সমস্যা	সুপারিশ
প্রকল্পের নামঃ প্রোগ্রাম সাপোর্ট ইউনিট, প্ল্যানিং কমিশন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প	
৪.৫ প্রকল্পটির দ্বিতীয় সংশোধনের অন্যতম একটি কারণ ছিল আলোচ্য প্রকল্প অর্থাৎ PSU-PC কর্তৃক ড্যানিডার সাথে আলোচনাক্রমে খসড়া ASPS-এর Phase-III প্রণয়ন । এ উদ্দেশ্যে সংশোধিত টিপিপি-তে "Support to Documentation, Publication, Workshop, Seminars, Meetings" শীর্ষক উপখাতের বিপরীতে ৫৪.১৮ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয় এবং এ বরাদ্দের বিপরীতে ব্যয় হয় ৩৪.৮৮ লক্ষ টাকা। কিন্তু ASPS-III প্রণয়ন সংক্রান্ত কোন Document তথা কোন তথ্য প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এ পাওয়া যায়নি এবং পরিদর্শন সূত্রেও জানা যায়নি।	৪.৫ এ ধরনের গুরুত্বপূর্ণ এবং Policy-oriented প্রকল্পের আওতায় গৃহীত কার্যাবলী যাতে অসম্পন্ন না থাকে এ ব্যাপারে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে সজাগ দৃষ্টি রাখা বাঞ্ছনীয় ;
৪.৬ প্রকল্পটি বাস্তবায়নের মুখ্য উদ্দেশ্য ছিল ASPS-II এর আওতায় বাস্তবায়িত/বাস্তবায়নাধীন Component গুলোর মধ্যে সমন্বয় সাধন করা এবং কার্যকরী মনিটরিং ও রিপোর্টিং করা । এ উদ্দেশ্যে প্রকল্পের অধীনে একটি "Regular Monitoring and Reporting System" প্রণয়ন করার লক্ষ্যমাত্রাও নির্ধারিত ছিল। প্রকল্পের আওতায় এ ধরনের কোন System প্রণয়ন এবং ব্যবহার করা শুরু করা হয়েছে সে সম্পর্কেও কোন তথ্য পাওয়া যায়নি। এ খাতে বরাদ্দকৃত অর্থের প্রায় পুরোটাই অব্যয়িত রয়ে গেছে।	৪.৬ প্রকল্পের ক্রয় কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে POC ও PEC এর গঠন PPR-08 এর নিয়মানুসারে হয়নি। বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ খতিয়ে দেখতে পারে।
৪.৭ প্রকল্পের আওতায় পলিসি ও প্ল্যানিং পদ্ধতি শক্তিশালীকরণের লক্ষ্যে "সেক্টর পলিসি ও প্ল্যানিং ম্যানুয়েল" এবং "প্রজেক্ট অ্যাপ্রাইজাল ম্যানুয়েল" প্রণয়ন করার কথা ছিল এবং এ লক্ষ্যে বরাদ্দ ছিল যথাক্রমে ১৩.৩০ লক্ষ এবং ৬.২১ লক্ষ টাকা। কিন্তু ম্যানুয়াল দু'টো প্রণয়ন করা হয়নি এবং বরাদ্দের পুরোটাই অব্যয়িত রয়ে গেছে।	৪.৭ প্রকল্পের আওতায় সম্পাদিত "জলবায়ু পরিবর্তন" সংক্রান্ত ১৪টি গবেষণা এবং ৪টি "প্রায়োগিক গবেষণা (Adaptive Research)" - এ প্রাপ্ত Findings কোথায় এবং কিভাবে ব্যবহৃত হচ্ছে সে সম্পর্কে প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও আইএমইডিকে অবহিত করতে পারে।
৪.৮ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনান্তে দেখা যায় যে, Proposal Opening Committee (POC) এবং Proposal Evaluation Committee (PEC) ৮ জন সদস্য নিয়ে গঠন করা হয়েছিল যা PPR-08 এর পরিপন্থী। PPR-08 অনুযায়ী ৩ (তিন) সদস্য বিশিষ্ট POC এবং সর্বোচ্চ ৭ (সাত) সদস্য বিশিষ্ট PEC গঠন করার নিয়ম রয়েছে। এছাড়া, আলোচ্য প্রকল্পে একটি কমিটিই POC ও PEC এর দায়িত্ব পালন করছে-এটিও PPR-08 এর নিয়ম বহির্ভূত।	

Assistance to SICT for Strengthening Planning Division, ERD and IMED through ICT শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্প

সমাপ্ত ঃ জুলাই,২০১২

১.০। **প্রকল্পের অবস্থান** ঃ পরিকল্পনা কমিশন চত্ত্বর, শেরে বাংলা নগর, ঢাকা।

২.০। **বাস্তবায়নকারী সংস্থা** ঃ পরিকল্পনা বিভাগ

৩.০। **প্রশাসনিক মন্ত্রণালয়** ঃ পরিকল্পনা মন্ত্রণালয় ।

৪.০। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট ঃ ১৫২০.৪৪ জিওবিঃ ১৩১.৭০ প্রঃসা ঃ ১৩৮৮.৭৪	মোটঃ ১৫৪২.৮৭ টাকাঃ ১১.১৬ প্রঃসাঃ ১৫৩১.৭১	মোটঃ ১৫৪২.৮৭ টাকাঃ ১১.১৬ প্রঃসাঃ ১৫৩১.৭১	জানুয়ারী,২০০৫ হতে ডিসেম্বর, ২০০৭	জানুয়ারী, ২০০৫ হতে জুলাই, ২০১২	জুলাই, ২০০৬ হতে জুলাই, ২০১২	০.০১%	২৫০%

৫.০। **প্রকল্পের অর্থায়ন** ঃ UNDP-এর অনুদান এবং বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িত।

৬.০। **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি** ঃ (সংস্থা কর্তৃক সরবরাহকৃত পিসিআর ও অন্যান্য তথ্যের ভিত্তিতে)

ক্রমিক নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
1.	**Expatriate Consultants**	**MM**	**1.50**	**0.5**	**1.50(100%)**	**0.5(100%)**
2.	**Unspecified Consultants**	**MM**	**9.31**	**1**	**9.31(100%)**	**1(100%)**
3.	**National consultants**	**MM**	**328.76**	**352**	**328.76(100%)**	**352(100%)**
4.	**Unspecified Consultants**	**MM**	**13.10**	**--**	**13.10(100%)**	13.10(100%)
5.	**Administrative support**	**MM**	**64.64**	**175**	**64.64(100%)**	175(100%)
6.	**Monitoring and Evaluation**	LS	**0.00**	**LS**	**0.00**	--
7.	**Mission Cost**	LS	**12.15**	**LS**	**0.00**	--
8.	**In service Training**	Participants	**150.32**	**2056**	**150.32(100%)**	2056(100%)
9.	**Study Tour**	Participants	**18.32**	**13**	**18.32(100%)**	13(100%)
10.	**Foreign Training**	Nos	**0.00**	**--**	**0.00**	--
11.	**ICT e-governance Services**	LS	**16.49**	**LS**	**16.17(99%)**	--
12.	**Workshop**	LS	**10.60**	**LS**	**10.60(100%)**	--
13.	**Office Supply**	LS	**7.61**	**LS**	**7.48(99%)**	--
14.	**Operation and Maintenance**	LS	**27.92**	**LS**	**27.38(99%)**	--
15.	**Reporting Cost**	LS	**0.48**	**LS**	**0.48(100%)**	--
16.	**UNDP Administrative Cost**	LS	**14.25**	**LS**	**14.25(100%)**	--

17.	**Sundry (Allowance for National Project Director, counterpart Officers, Entertainment, conveys, Overtime, news paper/ Journals, Liveries, Cookeries etc.**	LS	**9.34**	**LS**	**9.34(100%)**	--
18.	**Office Space (in Kind)**	LS	**0.00**	**LS**	**0.00**	--
19.	**Telephone/Mobile installation/Bill**	LS	**2.54**	**LS**	**2.54(100%)**	2.54(100%)
20.	**Utility Bill (in Kind)**	LS	**0.00**	**--**	**0.00**	--
21.	**Site Preparation cost**	LS	**0.00**	**--**	**0.00**	--
22.	**Vehicle**	Nos.	**8.95**	**1**	**8.95(100%)**	1(100%)
23.	**Software Development for Planning Division/commission,, ERD and IMED**	Nos.	**313.65**	**18**	**313.65(100%)**	18(100%)
24.	**Equipment and services**	Nos.	**501.33**	**492**	**501.33(100%)**	492(100%)
25.	**Furniture/Office Equipments**	Nos.	**26.77**	**117**	**26.77(100%)**	117(100%)
26.	**CD/VAT**	LS	**4.84**	**LS**	**4.84(100%)**	100%
Total			**1542.87**	**--**	1529.73 (99.15%)	100%

৭.০ । সাধারণ পর্যবেক্ষণ ঃ

৭.১ । প্রকল্পের পটভূমি ঃ

সরকার আইসিটি খাতকে Thrust sector হিসেবে ঘোষণা করছে। আইসিটি পলিসিতে দেশের অর্থনৈতিক উন্নয়নে তথ্য প্রযুক্তি ব্যবহারের বিষয়ে আরও গুরুত্ব প্রদানের কথা বলা হয়েছে। পরিকল্পনা বিভাগের অধীনে সমাপ্ত Strengthening Institutional System of Planning (SISP) শীর্ষক প্রকল্পের মাধ্যমে পরিকল্পনা কমিশনের Local Area Network (LAN) Energized করা এবং Radio Link connecting স্থাপনের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয় এবং সচিবালয়ের কয়েকটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়কে Wide Area Network (WAN) –এর আওতায় আনা হয়েছে। প্রকল্পটি সমাপ্তির পর এর বিশাল নেটওয়ার্ক ও ডাটাবেইজ রক্ষণাবেক্ষণ করা, প্রশিক্ষণের মাধ্যমে সরকারের ইন-হাউস ক্যাপাবিলিটি বৃদ্ধি এবং এর মাধ্যমে বিদ্যমান সিস্টেমটিকে টেকসই করা, বিদ্যমান নেটওয়ার্কটিকে স্বল্প খরচে আরও বৃহত্তর একটি WAN এ পরিণত করার কৌশল নিরূপণে সমীক্ষা পরিচালনা করা এবং সে অনুযায়ী আন্তঃঅফিস কানেকটিভিটি সম্প্রসারণের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের প্রস্তাব করা হয়। এ প্রকল্পের মাধ্যমে পরিকল্পনা বিভাগ/কমিশন, ইআরডি ও আইএমইডি এবং বাংলাদেশ সচিবালয়ের মধ্যে ইন্টার কানেকটিভিটি ব্যবস্থা জোরদার করার লক্ষ্যমাত্রা নেয়া হয়েছিল। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে পরিকল্পনা বিভাগের ই-গভর্ণমেন্ট সেবা উক্ত বিভাগের আওতাধীন সকল দপ্তরে সরবরাহের মাধ্যমে পরিকল্পনা বিভাগ, ইআরডি ও আইএমইডি-এর মধ্যে যোগাযোগ সহজতর হওয়ার কথা।

আলোচ্য প্রকল্পটির কার্যক্রম নিম্নবর্ণিত ৩টি পর্যায়ে বাস্তবায়ন করার পরিকল্পনা ছিলঃ

<u>১ম পর্যায়ঃ</u>

১) স্থাপিত নেটওয়ার্কটির রক্ষণাবেক্ষণের জন্য একটি শক্তিশালী নেটওয়ার্ক মেইনটেন্যান্স টিম গঠন করা;

২) ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনায় রেখে পরিকল্পনা বিভাগের নিজস্ব V-SAT এর মাধ্যমে রক্ষণাবেক্ষণযোগ্য একটি অপটিমাল নেটওয়ার্ক ডিজাইন এবং মেইনটেন্যান্সের স্ট্যাটাস বিষয়ক স্টাডি করা;

৩) নেটওয়ার্কে সংযুক্ত অফিসসমূহে বিদ্যমান বিভিন্ন ই-গভর্ণমেন্ট সেবা এবং এডিপি ডাটাবেইজের তথ্যাদি আহরণ সুবিধা প্রদান;

৪) বিভিন্ন গুরুত্বপূর্ণ অফিসমূহে ই-গভর্ণমেন্ট সেবা সম্প্রসারণের জন্য Need Assessment করা;

৫) ই-গভর্ণমেন্ট সার্ভিস হতে সেবা গ্রহণের লক্ষ্যে নেটওয়ার্কে সংযুক্ত দপ্তরসমূহের ক্যাপাবিলিটি বিল্ডিং এর নিমিত্ত প্রশিক্ষণ কার্যক্রম প্রদান।

২য় পর্যায়ঃ

১) পরিকল্পনা কমিশন চত্ত্বরে V-SAT স্থাপন এবং ১ম পর্যায়ের সমীক্ষার সুপারিশ অনুযায়ী নেটওয়ার্ক সম্প্রসারণ;

২) স্থাপিত নেটওয়ার্কের সম্ভাব্য কার্যকারিতা নিরূপণ এবং নেটওয়ার্ক সিস্টেম ডকুমেন্টেশন হতে আহরিত তথ্যাদির উপর একটি মূল্যায়ন সমীক্ষা পরিচালনা;

৩) এলজিইডি'র GIS ডাটা, পরিসংখ্যান ব্যুরোর আদমশুমারি ও জরীপ ফলাফল, বিআইডিএস এবং নেটওয়ার্কে সংযুক্ত পিএটিসি'র গবেষণালব্ধ ফলাফল এবং বিসিসি'র সুপরিসর সুপার কম্পিউটার, ইন্টারনেট ব্যান্ডউইথ এবং বিশাল তথ্যভান্ডারের সুবিধাকে সংযুক্ত করতে নিকট দূরত্বে অবস্থিত এসব অফিসের মধ্যে কানেকটিভিটি স্থাপন গুরুত্বপূর্ণ। এসকল অফিসকে নেটওয়ার্কে সংযুক্ত করার কর্মকৌশল প্রণয়নের নিমিত্ত একটি চাহিদা জরিপ পরিচালনা;

৪) ১ম পর্যায়ের সমীক্ষা জরীপের ফলাফল অনুযায়ী বিভিন্ন অফিসে পাইলট ভিত্তিতে ই-গভর্ণমেন্ট সার্ভিস সম্প্রসারণ; এবং

৫) তদনুযায়ী সংশ্লিষ্ট দপ্তরসমূহে প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ।

৩য় পর্যায়ঃ

১) পূর্ববর্তী পর্যায়ে পরিচালিত সমীক্ষার ফলাফল অনুযায়ী শেরেবাংলা নগরস্থ অফিসমূহে এবং সচিবালয়ে কানেকটিভিটি সম্প্রসারণ;

২) ই-গভর্ণমেন্ট সেবা আরও সরকারি অফিসে সম্প্রসারণ করা;

৩) সম্প্রসারণ পরিকল্পনা অনুযায়ী ক্যাপাসিটি বিল্ডিং করা।

৭.২ প্রকল্পের উদ্দেশ্য ঃ

প্রকল্পটির মূল উদ্দেশ্য ছিল সমন্বিত নীতি প্রণয়নের মাধ্যমে কতিপয় গুরুত্বপূর্ণ সরকারি অফিস যেমন- পরিকল্পনা কমিশন, ইআরডি, আইএমইডি এবং বাংলাদেশ সচিবালয়ের মধ্যে আরও কার্যকর, জবাবদিহিতামূলক ও স্বচ্ছ ই-গভর্ণেন্স সিস্টেম সৃষ্টি করা যাতে করে সহজে তথ্য আদান-প্রদান করা যায়। প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্য ছিল নিম্নরূপঃ

(ক) গুরুত্বপূর্ণ সরকারি অফিসমূহের মধ্যে ইন্টার কানেকটিভিটি তৈরী করা;

(খ) ইলেক্ট্রনিক তথ্য বিনিময় ও কার্যকর ই-যোগাযোগের কৌশল নির্ধারণ;

(গ) কানেকটিভিটির প্রমিতকরণ;

(ঘ) নেটওয়ার্ক নির্ভর ই-গভর্ণমেন্ট সেবা সম্প্রসারণ ও

(ঙ) আইসিটি ক্যাপাবিলিটি বিল্ডিং /সরকারি কর্মকর্তাদের আইটি প্রশিক্ষণ প্রদান।

৮.০ **অনুমোদন পর্যায় ঃ** আলোচ্য প্রকল্পটির মূল টিপিপিটি ০১-০১-২০০৫ হতে ৩১-১২-২০০৭ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ১৩-০২-২০০৩ তারিখে অনুমোদিত হয়। অনুমোদিত মেয়াদ অনুযায়ী ০১-০১-২০০৫ তারিখ থেকে প্রকল্পটি শুরু হওয়ার জন্য নির্ধারিত থাকলেও প্রকৃতপক্ষে প্রকল্পটির বাস্তবায়ন শুরু হয় জুলাই, ২০০৬ থেকে। ই-গভর্নেন্স বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সফটওয়ার তৈরীর কাজ প্রক্রিয়াধীন থাকায় ৩টি বিভাগের কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের উন্নত প্রযুক্তি বিষয়ে স্থানীয় ও বৈদেশিক কার্যক্রম অসমাপ্ত থাকায় প্রকল্পটির ৩ বছর মেয়াদ বৃদ্ধি করে ২০০৫-২০০৯ প্রথম সংশোধনী আনা হয় যা ১৫-০১-২০০৮ তারিখে অনুমোদিত হয়। প্রণীত ১০টি ই-গভর্নেন্স অ্যাপ্লিকেশন এর পূর্ব ব্যবহার নিশ্চিত করণের জন্য নিবিড় পরীক্ষণ, পরীক্ষামূলক ব্যবহার, তথ্যাদি হালনাগাদকরণ এবং সংশ্লিষ্ট ব্যবহারকারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান সম্পন্ন না হওয়ায় প্রকল্পটি ১ বছর মেয়াদ বৃদ্ধিপূর্বক দ্বিতীয় সংশোধনীর প্রস্তাব ২৫-০৬-২০০৯ তারিখে অনুমোদিত হয়।

পরবর্তীতে পরিকল্পনা কমিশন চত্বরে প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত উচ্চ ক্ষমতাসম্পন্ন আন্তর্জাতিক মানের ডাটা সেন্টারের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ এবং ব্যবহারকারীদের নিবিড় প্রশিক্ষণ প্রদান চলমান থাকায় এবং ডিজিটাল একনেক সফটওয়ার প্রণয়নের জন্য প্রকল্পটি ৩১-০৫-১০ তারিখে তৃতীয়বারের মত সংশোধন করা হয় এবং ৩য় সংশোধনী অনুযায়ী প্রকল্পের মেয়াদ ৩০-০৬-২০১১ পর্যন্ত নির্ধারণ করা হয়।

আইসিটি সিস্টেম রক্ষণাবেক্ষণের নিমিত্ত দক্ষ জনবলের মাধ্যমে আইসিটি সেল গঠনের পূর্ব পর্যন্ত প্রকল্প কর্তৃক প্রতিষ্ঠিত ডাটা সেন্টারে পরিচালিত ও নিয়ন্ত্রিত ডিজিটাল একনেক সহ অন্যান্য Software সমূহের ধারাবাহিক রক্ষণাবেক্ষণ ও কার্যক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে প্রকল্পটি ছয় মাস মেয়াদ বৃদ্ধিপূর্বক চতুর্থ সংশোধনী আনা হয়।

এরপর বরাদ্দের আন্ত:খাত সমন্বয়, component প্রতিস্থাপন এবং component এর পরিধি পরিবর্তনের লক্ষ্যে প্রকল্পটির মেয়াদ ৩১-০৫-২০১২ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করে ২৮-০২-২০১২ তারিখে প্রকল্পটির পঞ্চমবারের মত সংশোধন করা হয়।

নতুন প্রকল্প গঠনে প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং নির্মিত সফটওয়ার কার্যকরভাবে ব্যবহার মনিটরিং এর জন্য ৩১-০৭-২০১২ পর্যন্ত মেয়াদে প্রকল্পটি ৬ষ্ঠ এবং সর্বশেষ সংশোধন করা হয়।

৯.০ **প্রকল্প ব্যবস্থাপনা ঃ** প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালক-এর দায়িত্বে নিয়োজিত ছিলেন ঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব অর্পণ	প্রকল্প পরিচালকের ধরন
১.	জনাব পিউস কস্তা, উপ সচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ	২৯-০৮-২০০৫	১৫-১০-২০০৬	খন্ডকালীন প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত
২.	জনাব এম এ মান্নান, উপ সচিব বাজেট ও আইটি, পরিকল্পনা বিভাগ	১৫-১০-২০০৬	০৭-০২-২০০৮	-ঐ-
৩.	ড. মোঃ দেলওয়ার হোসেন খান উপসচিব, বাজেট ও আইটি, পরিকল্পনা বিভাগ	০৭-০২-২০০৮	১৩-০৯-২০০৯	-ঐ-
৪.	জনাব মোঃ শাহাদাত হোসেন, উপ সচিব পিটি, পরিকল্পনা বিভাগ	১৩-০৯-২০০৯	২২-১০-২০০৯	-ঐ-
৫.	জনাব মোঃ রেজাউল করিম, উপ সচিব প্রশাসন, পরিকল্পনা বিভাগ	২৭-১০-২০০৯	১৩-০১-২০১০	-ঐ-
৬.	জনাব শাহাদত হোসেন, উপ সচিব পিটি, পরিকল্পনা বিভাগ	১৩-০১-২০১০	১১-০৩-২০১০	-ঐ-
৭.	জনাব মোঃ রেজাউল করিম, উপ সচিব প্রশাসন, পরিকল্পনা বিভাগ	১১-০৩-২০১০	০৩-০৬-২০১০	-ঐ-
৮.	জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ সচিব (বাজেট ও আইটি) পরিকল্পনা বিভাগ	১৪-০৬-২০১০	০৬-০৭-২০১০	-ঐ-
৯.	জনাব শেখ আব্দুর রউফ,উপ সচিব এনইসি এবং সমন্বয়, পরিকল্পনা বিভাগ	০৬-০৭-২০১০	২৬-০৭-২০১০	-ঐ-
১০.	জনাব মোঃ রেজাউল করিম, উপ সচিব বাজেট ও আইটি, পরিকল্পনা বিভাগ	২৬-০৭-২০১০	০৮-১২-২০১০	-ঐ-
১১.	জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ সচিব (বাজেট ও আইটি), পরিকল্পনা বিভাগ	০৮-১২-২০১০	২৪-০৫-২০১১	-ঐ-
১২.	জনাব শেখ আব্দুর রউফ, উপ সচিব এনইসি এবং সমন্বয়, পরিকল্পনা বিভাগ	২৪-০৫-২০১১	২৯-০৬-২০১১	-ঐ-
১৩.	জনাব মোঃ রফিকুল ইসলাম,উপ সচিব (বাজেট ও আইটি), পরিকল্পনা বিভাগ	২৯-০৬-২০১১	১৩-০৯-২০১১	-ঐ-
১৪.	জনাব মোঃ আব্দুস সাত্তার সরকার উপ সচিব (প্রশাসন), পরিকল্পনা বিভাগ	১৩-০৯-২০১১	৩১-০৭-২০১২	-ঐ-

১০.০। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন ঃ**

উদ্দেশ্য	অর্জন
(ক) সরকারী সংস্থাসমূহের মধ্যে আন্তঃযোগাযোগ স্থাপন	(ক) ক্যাম্পাসের ৩টি বিভাগের অফিসসমূহে প্রয়োজনীয় আইসিটি যন্ত্রপাতি সরবরাহ ও সংস্থাপনের মাধ্যমে আন্তঃযোগাযোগ প্রতিষ্ঠিত হয়েছে; লোকাল এরিয়া নেটওয়ার্ক পরিচালনা ও রক্ষণাবেক্ষণ

			করা হয়েছে; ল্যান ও ইন্টারনেটের মাধ্যমে ই-গভর্নেন্স সিস্টেম এর জন্য ৫০০ বর্গফুট পরিসরের ডাটা সেন্টার প্রতিষ্ঠা ও রক্ষণাবেক্ষণ করা হয়েছে।
(খ)	তথ্য যোগাযোগ প্রযুক্তির উৎকর্ষ সাধন	(খ)	--
(গ)	কানেকটিভিটির মানোন্নয়ন	(গ)	--
(ঘ)	নেটওয়ার্ক নির্ভর ই-গভর্ণমেন্ট সেবা	(ঘ)	৩টি বিভাগের আন্তঃ দাপ্তরিক কার্যাদি সম্পাদনের জন্য ল্যান নির্ভর ১০টি সফটওয়্যার উদ্ভাবন ও প্রণয়ন;
(ঙ)	কর্মদক্ষতা বৃদ্ধিও জন্য সরকারী কর্মকর্তাদেও প্রশিক্ষণ প্রদান	ঙ)	কর্মক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সফল ব্যবহার নিশ্চিতকরণের জন্য সরকারী কর্মকতৃা/কর্মচারীদের নিম্নবর্ণিত প্রশিক্ষণ প্রদান করা হয়: ✓ International Computer Driving Licence (ICDL) -২৫৫ জন; ✓ Office Productivity- ১৮০ জন; ✓ Oracle (OCA & OCP)- ২০ জন; ✓ Linux- ২০ জন; ✓ ব্যবহারকারী পর্যায়ের প্রশিক্ষণ-১৫৪৮ জন; ✓ প্রশিক্ষকদের প্রশিক্ষণ- ৪০ জন; ✓ শিক্ষা সফর- ১৩ জন।

১১.০। **কাজ অসমাপ্ত থাকিলে উহার কারণ ঃ** প্রকল্পের আওতায় উদ্দেশ্য খ ও গ-এর অর্জন পুরোপুরিভাবে নিশ্চিত করা সম্ভব হয়নি। এছাড়া নেটওয়ার্ক নির্ভর ই-গভর্ণমেন্ট সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রণীত ১০টি সফটওয়্যার বিভিন্ন কারণে ব্যবহার উপযোগী করা যায়নি।

১২.০। মূল্যায়ন পদ্ধতি (Methodology) ঃ ***মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণ করা হয়েছে।***

ক) টিপিপি ও পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা;
খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত Project Completion Report (PCR) পর্যালোচনা;
গ) PEC, Project Steering Committee, Project Implementation Committee (PIC) ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
ঘ) প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন এবং
ঙ) প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৩.০। প্রকল্প পরিদর্শন ঃ গত ২০-০২-২০১৪ তারিখে সমাপ্ত প্রকল্পটির সংশ্লিষ্ট কর্মকর্তাদের দপ্তর পরিদর্শন করা হয়। সর্বশেষ প্রকল্প পরিচালক ও উপসচিব জনাব আবদুস সাত্তার সরকার অন্যত্র বদলী হয়ে গেছেন। প্রকল্পের তৎকালীন প্রোগ্রাম ম্যানেজার এবং বর্তমানে Implementation of Digital ECNEC প্রকল্পে কর্মরত UNDP কর্তৃক নিয়োগকৃত অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন। মূলতঃ পরিকল্পনা বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও আইএমইডি এর মধ্যে আইসিটি ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়। উল্লিখিত বিভাগসমূহের আইসিটি অবকাঠামো, তথ্য ও জ্ঞান আদান-প্রদানে ব্যবহৃত ই-গভর্নেন্স, অ্যাপ্লিকেশন এর যথাযথ উন্নয়ন সাধন ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের আইসিটি ব্যবহারে পরিপূর্ণ সক্ষম করার ক্ষেত্রে সহায়তা প্রদান করার উদ্দেশ্য নিয়ে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটি জানুয়ারী, ২০০৫ থেকে শুরু হয়ে ডিসেম্বর, ২০০৭ পর্যন্ত ৩ বছর মেয়াদে বাস্তবায়িত হওয়ার কথা থাকলেও জিওবি-এর অর্থ ছাড়, যন্ত্রপাতি সংগ্রহসহ নানাবিধ কারণে প্রকৃতপক্ষে জানুয়ারী, ২০০৭ সন থেকে প্রকল্পের কর্মকাণ্ড পুরোদমে চালু হয়। পরিকল্পনা বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে e-governance চালু করার লক্ষ্যে প্রকল্পের আওতায় ৯০টি কম্পিউটার, ১২টি ল্যাপটপ, ৭৫টি লেজার প্রিন্টার, ৬টি ওয়ার্কগ্রুপ প্রিন্টার, ৯০টি ইউপিএস, ০৩টি ফটোকপিয়ার মেশিন,৩টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ০৩টি ডিজিটাল ক্যামেরা, ০৩টি হেভিডিউটি স্ক্যানার, ০৩টি মাল্টিফাংশন প্রিন্টার/ফ্যাক্স ও অন্যান্য যন্ত্রপাতি সরবরাহ ও স্থাপন করা হয়েছে। e-governance বাস্তবায়নের উদ্দেশ্যে উল্লিখিত ৩ বিভাগের কর্মকর্তাদের আন্তর্জাতিক মানের International Computer Driving License (ICDL) সহ অন্যান্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট সূত্রে থেকে অবহিত করা হয়েছে।

পরিকল্পনা কমিশন, পরিকল্পনা বিভাগ, ইআরডি এবং আইএমইডি এর প্রশাসনিক কার্যক্রম অটোমেশন করার লক্ষ্যে প্রকল্পের আওতায় পরিকল্পনা কমিশন চত্বরে একটি ডাটা সেন্টার স্থাপন করা হয় ১০টি সফটওয়ার অ্যাপ্লিকেশন ডেভেলপ করা হয়। এছাড়া ৪টি মডিউল তৈরী করা হয় যা পরিকল্পনা কমিশন ও অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক উন্নয়ন প্রকল্প পরিকল্পনা, কার্যক্রম বিভাগ কর্তৃক ADP resource allocation, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক Aid allocation এবং আইএমইডি কর্তৃক প্রকল্প মনিটরিং ইত্যাদি কাজ অনলাইনে সম্পাদন করার কাজে ব্যবহৃত হওয়ার কথা ছিল। কিন্তু প্রকল্পের আওতায় প্রণীত সফটওয়ার এবং module সমূহের পূর্ণ ব্যবহার নিশ্চিত করা সম্ভব হয়নি। উল্লেখ্য, প্রকল্পটির সমাপ্তির পুর্বে গত ১২/০৭/২০১২ তারিখে প্রকল্প কর্তৃক প্রণীত module গুলোর ব্যবহার যোগ্যতা সম্পর্কে নিশ্চিত হওয়ার লক্ষ্যে এবং উদ্ভূত সমস্যা সমাধানের বিষয়ে আলোচনার লক্ষ্যে আইএমইডি কর্তৃক প্রকল্পটি পরিদর্শন করা হয়েছিল এবং প্রকল্প হতে সরবরাহকৃত PMIS Software ব্যবহারে উদ্ভূত সমস্যা সম্পর্কে প্রকল্প কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছিল। এর পরিপ্রেক্ষিতে উদ্ভূত সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার পক্ষে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক আশ্বাস দেয়া হয়। তবে সমস্যাগুলো সমাধান করার উদ্যোগ গ্রহণ করার পূর্বেই প্রকল্পটি সমাপ্ত হয়ে যায়। ASICT প্রকল্পের আওতায় প্রণীত Software গুলো Interdependable হওয়ায় বিভিন্ন সংস্থা কর্তৃক ব্যবহারে সমস্যার সৃষ্টি হচ্ছিল এবং এ সফটওয়ারগুলো ব্যবহারের পক্ষে কোন সরকারী নির্দেশনাও দেয়া হয়নি মর্মে পরিদর্শনকালে প্রকল্প সূত্র থেকে অবহিত করা হয়। পরিদর্শনকালে পরিকল্পনা বিভাগ কর্তৃক পরবর্তীতে গৃহীত এবং বর্তমানে বাস্তবায়নাধীন Implementation of Digital ECNEC প্রকল্পে এ সমস্যা নিরসনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে মর্মেও অবহিত করা হয়।

১৩.১। **অডিট সম্পর্কিত তথ্য ঃ** বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের নিরীক্ষা অধিদপ্তর (ফাপাড) কর্তৃক প্রকল্প বাস্তবায়নকালের মধ্যে মোট ৬ দফা নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হয়েছে। পঞ্জিকাবর্ষের ভিত্তিতে পরিচালিত নিরীক্ষা কার্যক্রমে নিম্নবর্ণিত ৩টি আপত্তি ব্যতীত আর্থিক প্রতিবেদন, Statement of Asset & Equipment এবং Statement of Cash Position যথার্থ হিসেবে প্রত্যয়ন করা হয়:

১) ২০০৬ সালের কম্পিউটার ও অফিস সরঞ্জাম ক্রমের বিপরীতে ২১.৮৬ লক্ষ টাকা ব্যয় দেখানো হয়েছে কিন্তু সংশ্লিষ্ট অ্যাসেট রেজিস্টারে লিপিবদ্ধ করা হয়নি।

২) সিডি/ভ্যাট বাবদ ৪.৮৪ লক্ষ টাকা পরিশোধের ক্ষেত্রে বিধিমালা যথাযথভাবে অনুসরণ করা হয়নি।

৩) ঠিকাদার কর্তৃক ১.৫৩ লক্ষ টাকার ইন্স্যুরেন্স প্রিমিয়াম না করার দরুণ প্রিমিয়ামের উপর ১৫% হারে ভ্যাট আদায় হয়নি।

১৩.২। **আপত্তিগুলোর বর্তমান অবস্থা ঃ** নিস্পত্তির জন্য পরিকল্পনা বিভাগের পিটি শাখা কর্তৃক প্রয়োজনীয় প্রমানক সহকারে সন্তোষজনক জবাব প্রেরণ করা হয়েছে। আপত্তিসমূহের নিস্পত্তি প্রক্রিয়াধীন।

১৩.২। **প্রকল্পের আওতায় ক্রয় প্রক্রিয়া পদ্ধতি ঃ** প্রকল্পের টিটিপিতে উল্লিখিত সংস্থানের আলোকে যাবতীয় আইসিটি যন্ত্রপাতি, অফিস সরঞ্জামাদি, আসবাবপত্রাদি, ডাটা সেন্টার নির্মাণের সকল সরঞ্জামসহ সমুদয় সেবা প্রকল্পের উন্নয়ন সহযোগী সংস্থা UNDP কর্তৃক Dex Modality এর আওতায় UNDP এর নিজস্ব ক্রয় প্রক্রিয়া অনুসরণপূর্বক ক্রয় সম্পাদন করে প্রকল্প দপ্তরে সরবরাহ করা হয়েছে।

১৪.০। বাস্তবায়ন সমস্যা ঃ

১৪.১। প্রকল্পের আওতায় পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, ইআরডি ও আইএমইডি'র প্রশাসনিক কার্যক্রম অটোমেশন করার লক্ষ্যে প্রণীত Software গুলোর ব্যবহার পরিকল্পনা অনুযায়ী পুরোপুরি নিশ্চিত করা সম্ভব হয়নি; ফলে প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য অর্জিত হয়নি।

১৪.২। প্রকল্পটির Time overrun হয়েছে ৬ বার কিন্তু কাঙ্খিত ফলাফল অর্জনে সম্পূর্ণভাবে সফল হয়নি।

১৪.৩। 'প্রকল্প পরিচালক' পদে পরিবর্তন এসেছে সর্বমোট ১৪ বার, যা একেবারেই কাঙ্খিত নয়।

১৪.৪। প্রকল্প সমাপ্তির দীর্ঘদিন পরেও অডিট আপত্তিসমূহের নিস্পত্তি প্রক্রিয়াধীন, যা সমীচীন নয়।

১৫.০। সুপারিশ ঃ

১৫.১। ASICT প্রকল্পের আওতায় প্রণীত Software গুলোর পূর্ণ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বর্তমানে চলমান "Implementation of Digital ECNEC" প্রকল্পে যথাশীঘ্র ব্যবস্থা নেয়া আবশ্যক।

১৫.২। প্রকল্পের Time overrun এবং প্রকল্প পরিচালক পদে এ ধরনের ঘন ঘন পরিবর্তনের প্রবণতা পরিহার করার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা সমীচীন।

১৫.৩। প্রকল্পে উত্থাপিত অডিট আপত্তিসমূহের নিস্পত্তি যথাশীঘ্র করার লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা অত্যাবশ্যক।

প্রোগ্রাম সাপোর্ট ইউনিট, প্ল্যানিং কমিশন (২য় সংশোধিত)
শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত ঃ জুন, ২০১৩)

০১	**প্রকল্পের অবস্থান**	ঃ	পরিকল্পনা কমিশন।
০২.	**বাস্তবায়নকারী সংস্থা**	ঃ	কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।
০৩.	**প্রশাসনিক মন্ত্রণালয়**	ঃ	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
০৪.	**প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়**	ঃ	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোটঃ ৫৯৯.৭৮ জিওবিঃ ৪০.০০ প্রঃসাঃ ৫৫৯.৭৮	মোটঃ ১২২৪.৮৮ জিওবিঃ ৪১.৮০ প্রঃসাঃ ১১৮৩.০৮	৯১৯.৩৮	অক্টোবর,০৬ হতে সেপ্টেম্বর,১৩	অক্টোবর,০৬ হতে জুন,২০১৩	অক্টোবর,২০০৬ হতে জুন,২০১৩	--	৩৫%

০৫. প্রকল্পের অর্থায়নঃ বাংলাদেশ সরকার ও ড্যানিডা।

০৬. প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে)ঃ

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		(±)
			আর্থিক	বাস্তব	আর্থিক(%)	বাস্তব (%)	
১	২	৩	৪	৫	৬	৭	৮
	কর্মকর্তা/কর্মচারীদের বেতন						
১.	কর্মকর্তাদের বেতন	জন	১০৯.০৫	১	৮৫.৯২	১	২৩.১৩
২.	কর্মচারীদের বেতন	জন	১৬৫.৫৭	৪	১৪৮.৫৪	৪	১৭.৩
৩.	**উপমোট =**		**২৭৪.৬২**		**২৩৪.৪৬**		**৪০.১৬**
	পলিসি ও প্ল্যানিং পদ্ধতি শক্তিশালীকরণ						
৪.	সেক্টর পলিসি ও প্ল্যানিং ম্যানুয়েল প্রণয়ন	সংখ্যা	১৩.৩০	৬০/৯	০.০০	০	১৩.৩০
৫.	প্রজেক্ট অ্যাপ্রাইজাল ম্যানুয়েল প্রণয়ন	সংখ্যা	৬.২১	৪০/১	০.০০	০	৬.২১.
৬.	গবেষণা ও সমীক্ষা পরিচালনা	সংখ্যা	১৯.৫৪	১০৮/২	১০.৫৩	৭২/৬	৯.০১
৭.	Support to Documentation, Publications, Workshop, Seminars etc.	থোক	৫৪.১৮	৯০/৫	৩৪.৮৮	১২৮৯/৩৫	১৯.৩০
৮.	**উপমোট (পলিসি ও প্ল্যানিং) =**		**৯৩.২৩**		**৪৫.৪১**		**৪৭.৮২**
	উপাত্ত ও তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়ন						
৯.	System Analysis and Designining of the MIS	সংখ্যা	৬.৭৫	৪৫/১	২.৯৫	২৫/১	৩.৮০

ক্রমিক নং	অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		(±)
			আর্থিক	বাস্তব	আর্থিক(%)	বাস্তব (%)	
১০.	MIS Database ও Application উন্নয়ন ও স্থাপন	১	১০.৫০	১	০.০০	০	১০.৫০
১১.	LAN স্থাপনের জন্য হার্ডওয়ার ও সফটওয়ার ক্রয়	০	১৪.১৪	০	১৩.৬৫	-	০.৪৯
১২.	Data coll. on the relevant areas of MIS systems	০	০.০০	০	০.০০	০	০.০০
১৩.	কম্পিউটার সিস্টেম ও MIS application এর উপর প্রশিক্ষণ	সংখ্যা	১৬.৮৭	৮০/৪	৪.৮৯	৫১/২	১১.৯৮
১৪.	কম্পিউটার হার্ডওয়ার, LAN ও MIS এর রক্ষণাবেক্ষণ	থোক	৬.৭০	-	২.০৫	-	৪.৬৫
১৫.	**উপমোট (MIS System) =**		**৫৪.৯৬**		**২৩.৫৪**		**৩১.৪২**
	Human Resources Development						
১৬.	Introd. to sustainable development and practice	সংখ্যা	২৩.৮০	০	১৩.০৬	১৮১/৩	১০.৭৪
১৭.	প্রকল্প চিহ্নিতকরণ, ডিজাইন, মনিটরিং ও মূল্যায়ন।	সংখ্যা	২৩.১১	৩৬/৬	২.৮৬	৮০/৩	২০.২৫
১৮.	পলিসি বাস্তবায়ন কনসালটেটিভ প্রসেস	সংখ্যা	৪.৮৮	১১৬/১২	০.১৪	০	৪.৭৪
১৯.	স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ	সংখ্যা/ অংশগ্রহণ কারী	৮৯.৫০	৪/২০	৬৬.০৭	৪০/৮	২৩.৪৩
২০.	**উপমোট (HRD) =**		**১৪১.২৯**		**৮২.১৩**		**৫৯.১৬**
	Adaptive Research						
২১.	Project Research Cost-4 projects	সংখ্যা	২৩৯.২১	৪	২১৫.৫০	৪	২৩.৭১
২২.	Mid-term and Final Monitoring & Evaluation		৭.৫০	৬০/২	৬.৮২	৪৮/৪	০.৬৮
২৩.	Documentation and Publications		৬.৮০	৪০/৪	০.০০	০	৬.৮০
২৪.	Dissemination workshop		২.৪০	১০/১	০.০০	০	২.৪০
২৫.	**উপমোট (Adaptive Research) =**		**২৫৫.৯১**		**২২২.৩২**		**৩৩.৫৯**
	Climate Change						
২৬.	Proj. App. & Evalu. Manual for Climate ch. Scren.	সংখ্যা	৩.০০	২০/১	০.০০	০	৩.০০
২৭.	TA project on CC (grants for polt proj.)		১৭৫.০০	-	১৬১.১৬	১৪টি প্র:	১৩.৮৪
২৮.	Monitoring of Pilot projects (Consultancy)		৩.০০	২০/১	০.০০	০	৩.০০

ক্রমিক নং	অনুমোদিত মূল পিপি অনুযায়ী কাজের অংগ	একক	পিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন		(±)
			আর্থিক	বাস্তব	আর্থিক(%)	বাস্তব (%)	
২৯.	Regi. Study tour/tr. on CC, environment and NRM		৩০.০০	১০/২	১৭.৯৭	১০/২	১২.০৩
৩০.	Worksh. & Dis. Sem. on CC (const., workshop)		৩.৮০	২০/২	০.৫২	২৫/১	৩.২৮
৩১.	Printing and Publications		৭.০০	৫০/২	১.৫০	১	৫.৫০
৩২.	**উপমোট (Climate Change) =**		**২২১.৮০**		**১৮১.১৫**		**৪০.৬৫**
	Recurrent						
৩৩.	যাবনাহন পরিচালনা ও রক্ষণাবেক্ষণ	থোক	৮.৩৬	থোক	৭.৯৮	থোক	০.৩৮
৩৪.	অফিস পরিচালনা ও রক্ষণাবেক্ষণ	,,	২৫.৯৩	-	২২.৪৪	-	৩.৪৯
৩৫.	ভ্রমণ/দৈনিক ভাতা/মাঠ পরিদর্শন	,,	৩.৬৫	-	২.৬০	-	১.০৫
৩৬.	টেলিফোন/মোবাইল/ফেক্স এবং ইন্টারনেট ইত্যাদি	,,	৮.৭৮	-	৮.৭৪	-	০.০৪
৩৭.	অডিট ফি	,,	৮.৪১	-	৫.৮১	-	২.৬০
৩৮.	**উপমোট (Recurrent) =**		**৫৫.১৩**	**-**	**৪৭.৫৭**	**-**	**৭.৫৬**
	CD VAT & Contingency						
৩৯.	Contingency (GOB)	থোক	০.০০	থোক	০.০০	থোক	০.০০
৪০.	Contingency (DPA)	,,	২৬.৯৪	-	০.০০	-	২৬.৯৪
৪১.	CD VAT (GOB)	,,	৪১.৮০	-	৪১.৮০	-	০.০০
৪২.	**উপমোট (CD VAT & Contingency) =**		**৬৮.৭৪**		**৪১.৮০**		**২৬.৯৪**
	Equipment						
৪৩.	যানবাহন	থোক	১৮.৬৮	১	১৮.৬৮	১	০.০০
৪৪.	ফটোকপিয়ার ও অন্যান্য সরঞ্জাম	,,	৮.২৪	-	৬.০৩	-	২.২১
৪৫.	আসবাবপত্র অফিস Renovation, Scanner ও অন্যান্য	,,	১৭.২৮	-	১৬.২৯	-	০.৯৯
৪৬.	LAN স্থাপনের জন্য হার্ড ওয়ার ও সফট ওয়ার	,,	১৫.০০	-	০.০০	-	১৫.০০
	উপমোট (Equipment) =		৫৯.২০	-	৪১.০০	-	১৮.২০
	সর্বমোট=		**১,২২৪.৮৮**		**৯১৯.৩৮**		**৩০৫.৫০**

৬.১। <u>সংশোধিত এডিপি বরাদ্দ ও অগ্রগতিঃ</u>

আর্থিক বছর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				খরচ ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব ১%	মোট	টাকা	প্রকল্প সাহায্য	বাস্তব ১%
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০০৬-০৭	২০.০০	-	২০.০০	১.৬৩	১৯.৭১	-	১৯.৭১	১.৬১
২০০৭-০৮	১৩০.০০	৪১.৮০	৮৮.২০	১০.৬১	৯৩.৪২	৪১.৮০	৫১.৬২	৭.৬৩

২০০৮-০৯	১০০.০০	-	১০০.০০	৮.১৬	৪৫.২১	-	৪৫.২১	৩.৬৯
২০০৯-১০	১০০.০০	-	১০০.০০	৮.১৬	৯৮.২১	-	৯৮.২১	৮.০১
২০১০-১১	৩৪০.০০	-	৩৪০.০০	২৭.৭৬	৮১.৮৯	-	৮১.৮৯	৬.৬৯
২০১১-১২	৬০১.০০	-	৬০১.০০	৪৯.০৬	২৭৫.২৫	-	২৭৫.২৫	২২.৪৭
২০১২-১৩	৫৮৪.০০	-	৫৮৪.০০	৪৭.৬৮	৩০৫.৬৯	-	৩০৫.৬৯	২৪.৯৬

৭.০। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রকল্পের আওতায় কতিপয় কাজ যেমন LAN স্থাপনের জন্য হার্ডওয়ার/সফটওয়ার ক্রয়, MIS ডাটাবেজ উন্নয়ন ও স্থাপন, ইত্যাদি অসমাপ্ত থেকে গেছে; কারণ জানা যায়নি। এ ছাড়া "সেক্টর পলিসি ও প্ল্যানিং ম্যানুয়াল" এবং "প্রজেক্ট অ্যাপ্রাইজাল ম্যানুয়াল"- এ দু'টি ম্যানুয়াল প্রণয়ন করা হয়নি।

৮.০। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৮.১। **পটভূমিঃ** ড্যানিডার অর্থায়নে ড্যানিডার কান্ট্রি প্রোগ্রাম Agriculture sector programmes support (ASPS-II) এর আওতায় Programme support Unit Planning Commission" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়।

Asps-II এর আওতায় ৩টি Component রয়েছে, যা নিম্নরূপঃ

ক) কৃষি মন্ত্রণালয়ের অধীন Agriculture Extension component

খ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীনে Regional Fisheries & Livestock Development Component (Barisal & Noakhali); এবং

গ) স্থানীয় সরকার বিভাগের অধীন Rural Roads and Market Access Component.

উল্লিখিত ৩টি কম্পোনেন্ট এর বাস্তবায়ন কার্যক্রম যথাযথ পরিবীক্ষণ, সমন্বয়, তত্ত্বাবধান এবং ASPS-II এর Programme Steering Committee কে প্রয়োজনীয় সহায়তা প্রদানের লক্ষ্যেই পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের অধীনে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

৮.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

ক) ASPS-II কর্মসূচীর আওতায় কম্পোনেন্টসমূহের সমন্বয় সাধনে সহযোগিতা করার ক্ষেত্রে পরামর্শ ও নির্দেশনা প্রদান করা এবং মনিটরিং ও রিপোর্টিং করা;

খ) ASPS-II কর্মসূচীর Programme steering Committee কে প্রয়োজনীয় সহযোগিতা ও সহায়তা প্রদান;

গ) পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে তথ্য প্রদান, পরিকল্পনা, সিদ্ধান্ত গ্রহণ ও পলিসি প্রণয়নের জন্য Management Information System (MIS) and e-governance স্থাপন করা;

ঘ) পলিসি প্রণয়ন, প্রকল্প প্রণয়ন, পর্যালোচনা, পরিবীক্ষণ ও প্রকল্প মূল্যায়নের উদ্দেশ্যে কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা ও সহায়তা বৃদ্ধি করা;

ঙ) জলবায়ু পরিবর্তন অভিঘাতসহ এর জন্য অভিযোজন ও উপশম সংক্রান্ত ধারণা আত্মস্থকরণ এবং এ বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি ; এবং

চ) কৃষি, পল্লী উন্নয়ন, সেচ, পরিবেশ, মৎস্য ও প্রাণী সম্পদ খাতে Policy প্রণয়নের জন্য Adaptive research পরিচালনা।

৮.৩। **অনুমোদন পর্যায়ঃ** ড্যানিডার সাথে ১৫অক্টোবর,২০১৩ তারিখে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ৫.০০ মিলিয়ন DKK অনুদানসহ মোট ৫৫৮.৭৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর,২০০৬ হতে সেপ্টেম্বর,২০১১ পর্যন্ত মেয়াদে পরিকল্পনা মন্ত্রী মহোদয় কর্তৃক ২১-০৩-২০০৭ তারিখে টিপিপিটি অনুমোদিত হয়। পরবর্তীতে সিডিভ্যাট বাবদ অতিরিক্ত চাহিদা বৃদ্ধি পায় ১.৮০ লক্ষ টাকা ও আনুষংগিক খাতের জিওবি অংশে অপ্রত্যাশিত ব্যয় ২০.০০ লক্ষ টাকার সংস্থান রাখার প্রয়োজন হয়। এছাড়া ড্যানিডা ক্রোনারের সাথে টাকার বিনিময়ের হারের তারতম্যের কারণে ড্যানিডার অনুদান প্রায় ৪০.০০ লক্ষ টাকা বৃদ্ধি পেয়ে মোট অনুদান দাঁড়ায় ৬০০.০০ লক্ষ টাকা। এর পরিপ্রেক্ষিতে মোট ৬৪২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (প্রঃ সাঃ ৬০০.০০+স্থানীয় মুদ্রা ৪২.০০ লক্ষ টাকা) অক্টোবর,২০০৬ থেকে সেপ্টেম্বর,২০১১ পর্যন্ত মেয়াদে আলোচ্য প্রকল্পটির ১ম সংশোধন গত ১৮-১১-২০০৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ড্যানিডা অতিরিক্ত ৫.০০ মিলিয়ন ড্যানিশ ক্রোনার দিতে সম্মত হওয়ায় এ পরিমাণ অর্থ অন্তর্ভুক্তি, কয়েকটি নতুন অংগ, যেমন আইসিটি উন্নয়ন, Adaptive research on Agriculture, climate change issue, ইত্যাদি অন্তর্ভুক্তি, কিছু অংগের ব্যয় হ্রাস/বৃদ্ধিসহ প্রকল্পের মেয়াদ ডিসেম্বর,২০১২ পর্যন্ত বৃদ্ধি করার লক্ষ্যে ১২২৪.৮৮ লক্ষ টাকা (জিওবি ৪১.৮০+ প্রঃ সাঃ ১১৮৩.১৮ লক্ষ টাকা) ব্যয়ে প্রকল্পের ২য় সংশোধন মাননীয়

পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৯-১১-২০১১ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৬ (ছয়) মাস অর্থাৎ জুন,২০১৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৮.৪। **প্রকল্পের মুল কার্যক্রমঃ**

ক) ড্যানিডার ASPS-II-এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্যে সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করা, প্রায়োগিক গবেষণা পরিচালনা করা;

খ) কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে MIS System স্থাপন;

গ) ASPS-II-এর আওতায় বাস্তবায়নাধীন কম্পোনেন্টসমূহের কার্যাবলীর অগ্রগতি পর্যালোচনা, বার্ষিক বাজেট ও ওয়ার্কপ্ল্যান অনুমোদনের লক্ষ্যে প্রোগ্রাম স্টিয়ারিং কমিটি-কে সহায়তা প্রদান করা;

ঘ) কৃষি বিভাগের কর্মকর্তাদের পরিকল্পনা প্রণয়ন, প্রকল্প মূল্যায়ন ইত্যাদিতে কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশী/বিদেশী প্রশিক্ষণ কর্মশালা ও সেমিনার আয়োজন; আঞ্চলিক কৃষি উন্নয়নের অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে বৈদেশিক শিক্ষা সফর আয়োজন; এবং

ঙ) যানবাহন ও যন্ত্রপাতি ক্রয়।

৮.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্রমিক নং	প্রকল্প পরিচালকের নাম	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব হস্তান্তর	মন্তব্য
০১.	জনাব মুহাম্মদ হাবিবুর রহমান, বিভাগ প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	২৯-১১-২০০৬	২৮-০৪-২০০৮	অতিরিক্ত দায়িত্ব
০২.	বেগম জেনাইদা ইরফাত বিভাগ প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	০৭-০১-২০০৯	১৫-০২-২০০৯	”
০৩.	জনাব ফখরুল আহসান বিভাগ প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	১৬-০২-২০০৯	২৯-১২-২০০৯	”
০৪.	জনাব আবু বকর সিদ্দিক বিভাগ প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	৩০-০৩-২০০৯	১৩-১২-২০০৯	”
০৫.	ড. গোলাম সারওয়ার বিভাগ প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	১৪-১২-২০০৯	২১-০১-২০১০	”
০৬.	জনাব আবদুল মালেক বিভাগ প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	২২-০১-২০১০	১৭-১০-২০১০	
০৭.	জনাব শাহ আলম সিদ্দিকী বিভাগ প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	১৮-১০-২০১০	০৪-০৪-২০১১	”
০৮.	খন্দকার মোরাদ হোসেন বিভাগ প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	১০-১১-২০১২	৩০-০৬-২০১৩	”
০৯.	জনাব মোঃ জাহিদ হোসেন বিভাগ প্রধান কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ	০২-০৯-২০১২	৩০-০৬-২০১৩ (প্রকল্প সমাপ্তি পর্যন্ত)	”

৮.৬। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত মূল্যায়ন পদ্ধতি Methodology অনুসরণ করা হয়েছেঃ

ক. টিপিপি ও পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা;

খ. মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত Project Completion Report (PCR) পর্যালোচনা;

গ. PEC, Steering Committee এবং Project Implementation Committee

(PIC), ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরনী পর্যালোচনা;

ঘ. বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন এবং

ঙ. প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৯.০। **প্রকল্প পরিদর্শনঃ** গত ০৪.১২.২০১৩ তারিখে পরিকল্পনা কমিশনে অবস্থিত প্রকল্পের কার্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক মহোদয়, প্রকল্প ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে সহায়তা করেন। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নে বর্ণিত হলঃ

৯.১। **প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যাবলীঃ**

৯.১.১। **জলবায়ু পরিবর্তন সম্পর্কিত প্রায়োগিক গবেষণা:**

প্রকল্প সূত্র থেকে জানা যায়, "PSU-PC" প্রকল্পের আওতায় Outsourcing এর মাধ্যমে জলবায়ু পরিবর্তন সম্পর্কীয় প্রায়োগিক গবেষণা পরিচালনা করা হয়েছে। সম্পাদিত ১৪টি গবেষণার বিস্তারিত বিবরণ নিম্নরূপঃ

গবেষনার নাম	গবেষনা পরিচালনাকারী প্রতিষ্ঠানের নাম	মুখ্য গবেষক	সময়কাল	ব্যয়িত অর্থ (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫
1. Adaptive trial cum demonstration of wheat varieties against drought and cold.	Research Iniatives Bangladesh (RIB)	ড. মোঃ কোরবান আলী	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	১১.১১
2. Study on diagnosis and control measures of poultry diseases in selected climatic change prone delta region of Bangladesh.	Bangladesh Agriculture University (BAU)	ড. সুকুমার সাহা	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	১১.৮২
3. Enhancing food security and climate change impacts adaptation through innovative farming practices in the vulnerable areas of droughts, floods, and salinity/tidal surges of Bangladesh.	Bangladesh Centre for Advanced Studies (BCAS)	ড. আতিক রহমান	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	১০.৪৫
4. Adaptations of horticultural crops to climate change with particular reference to water stress	Shere-e-Bangla Agricultural University (SAU)	ড. মোঃ নজরুল ইসলাম	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	১২.০০
5. Up-scaling of poly bagging technique for pesticide free banana production.	Bangladesh Agriculture Resource Institute (BARI)	ড. এ কে এম খোরশেদুজ্জামান	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	১১.৯০
6. Action research to determine small and marginal farmer's response to adapt agricultural production system(s) in selected flood and salinity prone areas in the face of climate change	Bangladesh Nnnayan Parishad (BUP)	ড. নীলুফার বানু	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	১১.৫৯
7. Bag gardening in coastal and haor areas of Bangladesh: An adaptive technology for food security under climate change impact	Kranti Associates Ltd.	এ.বি.এম. সিদ্দিক	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	১১.৯৮
8. Introducing BAU aquaponics and sac bag fro fish and vegetable cultivation to climate change adaptation in south-western coastal region of Bangladesh	Department of aquaculture Bangladesh agricultural University	মোঃ ইয়াসিন প্রধান	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	১২.০০
9. Assessment of traditional and modern technologies in climatically vulnerable ecosystems and developments of strategy for comatting impacts of climate change in Bangladesh	Bangabandhu Sheikh Mujibur Rahman Agricultural University (BSMRAU)	অধ্যাপক ড.জি.কে.এম, মোস্তাফিজুর রহমান	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	১১.৯৬
10. Climate Resilience rice and other crops based technology validation and dissemination through on farm adaptive research trial in costal	Bangladesh Rice Research Institute (BRRI)	মোঃ আনসার আলী	সেপ্টেম্বর'১২ হতে এপ্রিল'১৩	৯.৬২

গবেষনার নাম	গবেষনা পরিচালনাকারী প্রতিষ্ঠানের নাম	মুখ্য গবেষক	সময়কাল	ব্যয়িত অর্থ (লক্ষ টাকায়)
১	২	৩	৪	৫
saline environment.				
11. Use of beneficial organism to reduce the methane emission from ruminant to decrease the carbon contain in the air,	Dept, of Animal Science and Nutrition Chittagong Veterinary and Animal science University.	অধ্যাপক মোঃ আশরাফ আলী বিশ্বাস	সেপ্টেম্বর’১২ হতে এপ্রিল’১৩	১০.৫৪
12. Anthrax vaccine efficacy, characterization virulence determination and comparison of bacillus antharcis in climatic change delta region with semi-changeable endemic region origin bacteria (Livestock)	Department of pathology Bangladesh Agriculture University (BAU)	অধ্যাপক ড.মোঃ মোকবুল হোসেন	সেপ্টেম্বর’১২ হতে এপ্রিল’১৩	১২.০০
13. Prevalence of diseases of ruminants and immunity profiles of vaccinated animals in the climate change-prone Satkhira district of Bangladesh.	Community-based Dairy Veterinary Foundation Department of Surgery & Obstetrics Bangladesh Agricultural University,	অধ্যাপক ড.মোঃ মোশাররফ উদ্দিন ভূঁইয়া	সেপ্টেম্বর’১২ হতে এপ্রিল’১৩	১১.৮২
14. Small and medium enterprise (SME) development in crops, livestock and fisheries in the climate affected ones of Bangladesh: Status problems and potentials.	Dept. of Development Poverty Studies Sher-e-Bangla Agricultural University (SAU)	ড. মোহাম্মদ মিজানুল হক কাজী	সেপ্টেম্বর’১২ হতে এপ্রিল’১৩	১১.৯৯

৯.১.২। **গবেষণা কার্যক্রম**:

প্রকল্পের আওতায় ৪টি প্রায়োগিক গবেষণা (Adaptive Research) Outsourcing) এর মাধ্যমে পরিচালনার পদক্ষেপ নেয়া হয় এবং ৪টি গবেষণা কার্যক্রমই সম্পন্ন করা হয়েছে। ৪টি গবেষণার বিস্তারিত বিবরণ নিম্নে বর্ণিত হলঃ

i) ‘Value addition to horticulture crops through post harvest Technologies’ শীর্ষক গবেষণা কার্যক্রমটি ‘FORUM’ নামক organization দ্বারা ডিসেম্বর ২০০৯ – জানুয়ারি ২০১২ সময়কালে সম্পাদিত হয়েছে। এ কার্যক্রমের জন্য ব্যয় হয়েছে ৫.৬৮ মিলিয়ন টাকা।

ii) Technology Dissemination for Value addition to Horticultural produces by poor farmers to improve their livelihood: বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের Bureau of Research Testing & Consultation (BRTC)” কর্তৃক পরিচালিত এ গবেষনা কার্যক্রমটি ডিসেম্বর ২০০৯- এপ্রিল ২০১২ পর্যন্ত সময়কালে ৩.৭৮ লক্ষ টাকা ব্যয়ে সম্পন্ন করা হয়েছে।

iii) Climate change adaptation among Fisher communities in Noakhali শীর্ষক গবেষণা কার্যক্রমটি যৌথভাবে “Nature Conservation Management (NACOM)” এবং “Sagorika Samay Unnayan Sangstha (SSUS) কর্তৃক ডিসেম্বর ২০০৯ – ফেব্রুয়ারি ২০১২ পর্যন্ত সময়কালে ৬.৯৯ মিলিয়ন টাকায় সম্পাদিত হয়েছে।

iv) Improvement of Integrated Farming Systems for Maximizing Income, Food Security and Human Nutrition in Noakhali Region” শীর্ষক গবেষণা কার্যক্রমটি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি-অর্থনীতি বিভাগের উদ্যোগে ডিসেম্বর ২০০৯- জুন ২০১২ সময়কালে ৫.১০ লক্ষ টাকায় সম্পদিত হয়েছে।

৯.১.৩। **প্রোগ্রাম স্টিয়ারিং কমিটি (PSC)**:

আলোচ্য প্রকল্পের আওতায় কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের সদস্য মহোদয়ের সভাপতিত্বে একটি প্রোগ্রাম স্টিয়ারিং কমিটি গঠন করার কথা ছিল এবং কমিটি গঠন করা হয়েছে। কমিটির দায়িত্ব হচ্ছে বার্ষিক কর্ম পরিকল্পনা ও বাজেট বরাদ্দ অনুযায়ী অগ্রগতি পর্যালোচনা করা। এ কমিটিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ সদস্য হিসেবে দায়িত্ব পালন করছেন। প্রকল্পের বাস্তবায়নকালীন মেয়াদে ৪টি প্রোগ্রাম স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

১০। **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ**

পরিকল্পিত	অর্জন
১। ASPS-II প্রোগ্রামের আওতায় এর Component সমূহের সমন্বয় সাধনে সহযোগিতা করার ক্ষেত্রে পরামর্শ ও নির্দেশনা প্রদান এবং মনিটরিং ও রিপোর্টিং করা।	১। এ উদ্দেশ্যে প্রোগ্রাম স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে।
২। ASPS-II প্রোগ্রামের Programme Steering Committee কে প্রয়োজনীয় সহযোগিতা ও সহায়তা প্রদান।	২। PSU-PC প্রকল্পটি প্রোগ্রাম স্টিয়ারিং কমিটি-এর কেন্দ্রীয় কার্যালয় হিসেবে ভূমিকা পালন করেছে।
৩। পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে তথ্য প্রদান. পরিকল্পনা, সিদ্ধান্ত গ্রহণ ও পলিসি প্রণয়নের জন্য Management Information System (MIS) ও e-Governance স্থাপন করা।	৩। পরিকল্পনা কমিশনের কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগে তথ্য প্রদান. পরিকল্পনা, সিদ্ধান্ত গ্রহণ ও পলিসি প্রণয়নের জন্য Establishment of Web-Based MIS, LAN based Electronic Work Flow and Archieve Management" শীর্ষক একটি Need Assessment study পরিচালনা করা হয়েছে।
৪। পলিসি প্রণয়ন, প্রকল্প প্রণয়ন, পর্যালোচনা পরিবীক্ষণ ও প্রকল্প মূল্যায়ন করার উদ্দেশ্যে কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা ও সহায়তা বৃদ্ধি।	৪। এতদুদ্দেশ্যে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বৈদেশিক শিক্ষা সফরের আয়োজন করা হয়েছে। সর্বমোট ১৮১ জন কর্মকর্তাকে Logical Frame Approach, Cost benefit Analysis, ICT, English Language ও Result based M&E ইত্যাদি বিষয়ে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অপরদিকে মোট ২০জন কর্মকর্তাকে শিক্ষা সফরে চীন মালয়েশিয়া, ফিলিফাইন, ভিয়েতনাম, থাইল্যান্ড ও মালদ্বীপে প্রেরণ করা হয়।
৫। জলবায়ূ পরিবর্তন অভিঘাতসহ এর জন্য অভিযোজন ও উপশম সম্পর্কিত ধারণা আত্মস্থকরণ এবং এ বিষয়ে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধি।	৫। প্রকল্পের আওতায় জলবায়ূ পরিবর্তন সম্পর্কীয় মোট ১৪টি প্রায়োগিক গবেষণা (Adaptive Research) পরিচালনা করা হয়েছে।
৬। কৃষি, পল্লী উন্নয়ন, সেচ, পরিবহণ, মৎস্য ও প্রাণি সম্পদ খাতে Policy প্রণয়নের জন্য Adaptive Research পরিচালনা।	৫। প্রকল্পের আওতায় কৃষি, পল্লী উন্নয়ন, সেচ, পরিবহণ, মৎস্য ও প্রাণি সম্পদ খাতে ৪টি প্রায়োগিক গবেষনা (Adaptive Research) পরিচালনা করা হয়েছে।

১১। **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণঃ** প্রকল্পের কার্যাবলীর মধ্যে অন্যতম দায়িত্ব ছিল ASPS-II এর আওতায় সম্পাদিত কার্যাবলীর মনিটরিং এর জন্য একটি Regular Monitoring and Reporting System প্রণয়ন করা। কিন্তু প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এবং পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি অনুসারে প্রকল্পের আওতায় Monitoring and Reporting System প্রণয়ন করার পক্ষে কোন তথ্য পাওয়া যায়নি । এছাড়া Programme Steering Committee এর সভা বছরে অন্তত:পক্ষে ২ বার অনুষ্ঠিত করার ব্যবস্থা রাখা হলেও প্রকল্প মেয়াদে স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে মাত্র ৪ বার।

১২। **মনিটরিং**: প্রকল্পটি চলাকালীন গত ২৯ এপ্রিল ২০১৩ তারিখে আইএমইডি কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনের ভিত্তিতে প্রতিবেদন প্রণয়ন করা হয় এবং প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। মন্ত্রণালয়/এজেন্সী কর্তৃক প্রকল্পের কোন প্রকার মনিটরিং করা হয়নি।

১৩। **অডিটঃ**

১৪.১। **অভ্যন্তরিন অডিটঃ** প্রযোজ্য নয়।

১৪.২। **এক্সটারনাল অডিটঃ** প্রকল্পটি বাস্তবায়নকালীন ৬টি অর্থ-বছরে FAPAD কর্তৃক ৬ বার অডিট করা হয়েছে। তবে প্রকল্প সমাপ্তির শেষ বছর অর্থাৎ ২০১২-১৩ অর্থ-বছরে কোন অডিট করা হয়নি মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) সূত্রে জানা গেছে। নিরীক্ষা প্রতিবেদনসমূহ পর্যালোচনা করে প্রতিটি অডিট আপত্তির নিষ্পত্তি করা হয়েছে মর্মে পরিলক্ষিত হয়েছে।

১৪। **প্রকল্পের আওতায় গৃহীত ক্রয় কার্যক্রমঃ** প্রকল্পের আওতায় ১৪টি "জলবায়ু পরিবর্তন" সংক্রান্ত গবেষণা এবং ৪টি প্রায়োগিক গবেষণা কার্যক্রম Out-sourcing এর মাধ্যমে গবেষণা প্রতিষ্ঠান নির্বাচন করে পরিচালনা করা হয়েছে। এ সেবা ক্রয়ে PPR-2008 অনুসরণ করা হয়েছে বটে তবে এর পাশাপাশি DANIDA-এর ক্রয়নীতিও অনুসরণ করা হয়েছে। গবেষণা প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে 'দৈনিক প্রথম আলো' ও 'The Daily Star'- এ দু'টি প্রত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। এছাড়া CPTU এর Website-এও প্রকাশ করা হয়েছে। মোট ৮ সদস্য

বিশিষ্ট Proposal Opening Committee (POC) এবং Proposal Evaluation Committee (PEC)-তে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাগণ ব্যতিরেকে Danish Embassy এর দু'জন প্রতিনিধি অন্তর্ভুক্ত ছিলেন। । উল্লেখ্য, একটি কমিটিই POC এবং PEC-উভয় কমিটি হিসেবে দায়িত্ব পালন করেছে। অনুমোদন গ্রহণের ক্ষেত্রে HOPE কর্তৃক অনুমোদন গ্রহণের পাশাপাশি Danish Embassy এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষও অনুমোদন দিয়েছেন।

১৫। **সমস্যাঃ**

১৫.১। প্রকল্পটির দ্বিতীয় সংশোধনের অন্যতম একটি কারণ ছিল আলোচ্য প্রকল্প অর্থাৎ PSU-PC কর্তৃক ড্যানিডার সাথে আলোচনাক্রমে খসড়া ASPS-এর Phase-III প্রণয়ন । এ উদ্দেশ্যে সংশোধিত টিপিপি-তে "Support to Documentation, Publication, Workshop, Seminars, Meetings" শীর্ষক উপখাতের বিপরীতে ৫৪.১৮ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয় এবং এ বরাদ্দের বিপরীতে ব্যয় হয় ৩৪.৮৮ লক্ষ টাকা। কিন্তু ASPS-III প্রণয়ন সংক্রান্ত কোন Document তথা কোন তথ্য প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) এ পাওয়া যায়নি এবং পরিদর্শন সূত্রেও জানা যায়নি।

১৫.২। প্রকল্পটি বাস্তবায়নের মুখ্য উদ্দেশ্য ছিল ASPS-II এর আওতায় বাস্তবায়িত/বাস্তবায়নাধীন Component গুলোর মধ্যে সমন্বয় সাধন করা এবং কার্যকরী মনিটরিং ও রিপোর্টিং করা । এ উদ্দেশ্যে প্রকল্পের অধীনে একটি "Regular Monitoring and Reporting System" প্রণয়ন করার লক্ষ্যমাত্রাও নির্ধারিত ছিল। প্রকল্পের আওতায় এ ধরনের কোন System প্রণয়ন এবং ব্যবহার করা শুরু করা হয়েছে সে সম্পর্কেও কোন তথ্য পাওয়া যায়নি। এ খাতে বরাদ্দকৃত অর্থের প্রায় পুরোটাই অব্যয়িত রয়ে গেছে।

১৫.৩। প্রকল্পের আওতায় পলিসি ও প্ল্যানিং পদ্ধতি শক্তিশালীকরণের লক্ষ্যে "সেক্টর পলিসি ও প্ল্যানিং ম্যানুয়েল" এবং "প্রজেক্ট অ্যাপ্রাইজাল ম্যানুয়েল" প্রণয়ন করার কথা ছিল এবং এ লক্ষ্যে বরাদ্দ ছিল যথাক্রমে ১৩.৩০ লক্ষ এবং ৬.২১ লক্ষ টাকা। কিন্তু ম্যানুয়াল দু'টো প্রণয়ন করা হয়নি এবং বরাদ্দের পুরোটাই অব্যয়িত রয়ে গেছে।

১৫.৪। প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনান্তে দেখা যায় যে, Proposal Opening Committee (POC) এবং Proposal Evaluation Committee (PEC) ৮ জন সদস্য নিয়ে গঠন করা হয়েছিল যা PPR-08 এর পরিপন্থী। PPR-08 অনুযায়ী ৩ (তিন) সদস্য বিশিষ্ট POC এবং সর্বোচ্চ ৭ (সাত) সদস্য বিশিষ্ট PEC গঠন করার নিয়ম রয়েছে। এছাড়া, আলোচ্য প্রকল্পে একটি কমিটিই POC ও PEC এর দায়িত্ব পালন করছে-এটিও PPR-08 এর নিয়ম বহির্ভূত।

১৬.। **সুপারিশঃ**

১৬.১। এ ধরনের গুরুত্বপূর্ণ এবং Policy-oriented প্রকল্পের আওতায় গৃহীত কার্যাবলী যাতে অসম্পন্ন না থাকে এ ব্যাপারে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নকালে সজাগ দৃষ্টি রাখা বাঞ্ছনীয় ;

১৬.২। প্রকল্পের ক্রয় কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে POC ও PEC এর গঠন PPR-08 এর নিয়মানুসারে হয়নি। বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ খতিয়ে দেখতে পারে।

১৬.৩। প্রকল্পের আওতায় সম্পাদিত "জলবায়ু পরিবর্তন" সংক্রান্ত ১৪টি গবেষণা এবং ৪টি "প্রায়োগিক গবেষণা (Adaptive Research)" - এ প্রাপ্ত Findings কোথায় এবং কিভাবে ব্যবহৃত হচ্ছে সে সম্পর্কে প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও আইএমইডিকে অবহিত করতে পারে।